17

দৈনিক বাংলা

তারিখ ... 15 OCT 1996

পৃষ্ঠা ... কলাম ...

### মেয়র, জামায়াত ও ন্যাপের বিবৃতি

# ছাত্র রাজনীতি সাময়িক বন্ধে প্রেসিডেন্টের আহ্বান অভিনন্দিত

প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ জাতীয় স্বার্থে প্রয়োজনে তথাকথিত ছাত্র রাজনীতি সাময়িকভাবে বন্ধ রাখার যে অভিমত ব্যক্ত করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল মওলানা মতিউর রহমান নিজামী তাকে মোবারকবাদ জানিয়েছেন।

গতকাল সোমবার এক বিবৃতিতে জনাব নিজামী বলেন, এই বক্তব্যের মাধ্যমে প্রেসিডেন্ট গোটা জাতির আন্তরিক ইচ্ছার প্রতিধ্বনি করলেন। জনাব নিজামী বলেন, দেশবাসী লক্ষ্য করে আসছে যে, শিক্ষাঙ্গনে সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির জন্য ক্ষমতাসীন সরকারই দায়ী। এ যাবত যারাই ক্ষমতায় এসেছে সকলেই শিক্ষাঙ্গনে দলীয় প্রাধান্য প্রতিষ্ঠার হীন রাজনৈতিক উদ্দেশ্যে ছাত্রদেরকে লাঠিয়াল হিসাবে ব্যবহার করে শিক্ষার পরিবেশ ধ্বংস করেছে। এ পর্যন্ত কোন সরকারই শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করে শিক্ষার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে ছাত্রছাত্রীদের হাতে বই খাতা কলম তুলে দিতে সক্ষম হয়নি। শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে সব সরকারই

(৮–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্টের বক্তব্যের প্রতিবাদ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বিভিন্ন ছাত্র সংগঠন বাম গণতান্ত্রিক ফ্রন্টের সঙ্গে মতবিনিময়কালে প্রেসিডেন্ট ছাত্র রাজনীতি বন্ধের ব্যাপারে যে বক্তব্য দিয়েছেন তার প্রতিবাদ জানিয়েছে।

(৮–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **ছাত্র রাজনীতি**

ব্যর্থ হয়েছে উল্লেখ করে তিনি বলেন, এই ব্যর্থতার পরিণাম গোটা জাতিকে ভোগ করতে হচ্ছে। দেশে শিক্ষার উপযুক্ত পরিবেশ না থাকায় বিত্তশালী ঘরে মেধাবী ছাত্রছাত্রীরা বৈদেশিক মুদ্রা খরচ করে উচ্চ শিক্ষার জন্য বিদেশে পাড়ি জমাচ্ছে। আর অসচ্ছল দরিদ্র ঘরের সন্তানরা মুর্খতার অন্ধকারে হাবুডুবু খাচ্ছে। তিনি বলেন, সরকারের ভ্রান্তনীতি ও কতিপয় সন্ত্রাসী মাস্তানের কারণে গোটা জাতির সর্বনাশ মেনে নেয়া যায় না। তিনি জাতীয় স্বার্থে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস উচ্ছেদের লক্ষ্যে তথাকথিত ছাত্র রাজনীতি সাময়িকভাবে বন্ধ রাখার ব্যাপারে ব্যাপকভিত্তিক ঐকমত্য প্রতিষ্ঠায় এগিয়ে আসার জন্য সরকারী ও বিরোধীদলের প্রতি উদাত্ত আহবান জানান।